

জেএসসি-জেডিসির ফল ৩০ ডিসেম্বর

নিজস্ব প্রতিবেদক •

জেএসসি-জেডিসিতে অংশগ্রহণকারী ২৪ লাখ ৬৮ হাজার ৮২০ শিক্ষার্থীর অপেক্ষার অবসান ঘটছে আগামী ৩০ ডিসেম্বর। ওই দিন এই দুটি পাবলিক পরীক্ষার ফল একযোগে প্রকাশ হবে বলে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল সচিবালয়ে সাংবাদিকদের জানিয়েছেন। রেওয়াজ অনুযায়ী, বোর্ড চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে ৩০ ডিসেম্বর সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে জেএসসি-জেডিসি পরীক্ষার ফলের অনুলিপি তুলে দেবেন শিক্ষামন্ত্রী। পরে সচিবালয়ে সংবাদ সম্মেলন করে ফলের বিস্তারিত জানানো হবে। শিক্ষামন্ত্রীর সংবাদ সম্মেলনের পর থেকে শিক্ষার্থীরা ফল জানতে পারবে।

৩০ ডিসেম্বর প্রধানমন্ত্রী ২০১৮ সালের বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ কর্মসূচিও উদ্বোধন করবেন বলে জানান শিক্ষামন্ত্রী।